গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**বিষয়: দেশব্যাপী ডেঙ্গু ও মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে আলোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| প্রধান অতিথি | : | জনাব এ. এফ. হাসান আরিফ<br>মাননীয় উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| সভাপতি | : | জনাব আবু হেনা মোরশেদ জামান<br>সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ১৯ আগস্ট ২০২৪; বিকাল ৩:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং ৬০১, ভবন নং ০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

দেশব্যাপী ডেঙ্গু ও মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে আলোচনা সভার প্রধান অতিথি জনাব এ. এফ. হাসান আরিফ, মাননীয় উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর অনুমতিক্রমে সভার সভাপতি জনাব আবু হেনা মোরশেদ জামান, সচিব, স্থানীয় সরকার বিভাগ সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে তিনি ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ এবং ২০২৪ সালের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করেন। অতঃপর তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন-৩ অধিশাখা) সভার আলোচ্যসূচি, পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং ডেঙ্গুর বর্তমান পরিস্থিতি সভায় উপস্থাপন করেন। এরপর দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধে মতামত ব্যক্ত করার জন্য সকলকে আহবান জানানো হয়।

৩। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জানান যে, একটি বিশেষজ্ঞ দলের পরামর্শক্রমে মশা নিধনের জন্য ঔষধ ক্রয়পূর্বক তা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় নিয়মিত প্রয়োগ করা হয়ে থাকে। এছাড়া, স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত দৈনিক তথ্য অনুযায়ী তৎক্ষণাৎ ডেঙ্গুতে আক্রান্ত রোগীর বাড়ির চারপাশের ৪০০ গজ এলাকায় মশা নিধনের ঔষধ প্রয়োগ করা হয়।

৪। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় মশা নিধনের জন্য প্রতিদিন ঔষধ প্রয়োগ করা হয়। তবে জলাশয়গুলোতে মশক নিধনের ঔষধ প্রয়োগ সহজিকরণের লক্ষ্যে ইতিমধ্যে Buffalo Turbine মেশিন ক্রয়ের আদেশ দেয়া হয়েছে। এটির সুবিধা হলো এটির মাধ্যমে চারপাশের ২০০ ফুট জায়গা পর্যন্ত ঔষধ স্প্রে করা যায়। এছাড়া মশার লার্ভা ধ্বংস করার জন্য কার্যকর ঔষধ Bacillus Thuringiensis Israelensis (BTI) ব্যবহারের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা বলেন যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় প্রাপ্ত বয়স্ক মশা নিধনের জন্য Malathion এবং লার্ভা ধ্বংসের জন্য Temephos নামক ঔষধ ব্যবহার করা হয়। এ ঔষধ দুটি মশা নিধনে কার্যকর মর্মে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর একটি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। তিনি আরও বলেন যে, ম্যালাথিয়ন ও টেমিফস এর কার্যকারিতা যাচাইয়ের লক্ষ্যে প্রতি ৩ মাস পরপর ঔষধ ২টি স্বাস্থ্য অধিদপ্তর এবং রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (IEDCR) এর ল্যাবে পরীক্ষা করা হয়। এছাড়া ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন স্বাস্থ্য কেন্দ্রগুলোতে বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করা হয় এবং ডেঙ্গু রোগীর চিকিৎসার জন্য মহাখালী, ঢাকা-এ ৫০০ শয্যা বিশিষ্ট একটি ডেঙ্গু ডেডিকেটেড হাসপাতাল রয়েছে।

৫। ড. মহঃ শের আলী, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ গত বছর এবং এ বছরের ডেঙ্গু পরিস্থিতির তথ্য বিশ্লেষণ করে বলেন যে, এ বছর তুলনামূলকভাবে ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা কম। এডিস মশার লার্ভা ৩৫ ডিগ্রি সেলসিয়াস বা ততোধিক তাপমাত্রায় বাঁচতে পারে না। এ কারণে এ বছরের মাত্রাতিরিক্ত তাপমাত্রার কারণে এডিস মশার বংশ বিস্তার কম হয়েছে। এছাড়া, বর্ষা মৌসুমের ভারি বৃষ্টিপাতের কারণে মশার প্রজনন কম হয়েছে।

৬। সভাপতি বলেন যে, গত বছরের তুলনায় এ বছর ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা কম। তবে, এজন্য আত্মতুষ্টিতে ভোগা যাবে না। আগস্ট থেকে অক্টোবর পর্যন্ত সময়ে বৃষ্টিপাতের কারণে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। এ সময়ে ডেঙ্গুর প্রাদুর্ভাব যাতে বৃদ্ধি না পায় সেজন্য সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রম জোরদার করা প্রয়োজন। সচেতনতা তৈরির জন্য বিশ্ববিদ্যালয় ও কলেজের যে সকল শিক্ষার্থী বিএনসিসি, রেঞ্জার ও রোভার স্কাউটের সদস্য হিসেবে দায়িত্ব পালন করে, তাদেরকে প্রচার কাজে সম্পৃক্ত করা যায়। তিনি আরও বলেন যে, সারাদেশে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম সফল করার লক্ষ্যে একটি বার্তা প্রস্তুতপূর্বক তা মসজিদের ইমামগণের মাধ্যমে নিয়মিত প্রচারের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন স্বাস্থ্য কেন্দ্রগুলোতে বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষার বিষয়টি এবং ডেঙ্গু চিকিৎসার জন্য মহাখালীতে অবস্থিত ডেঙ্গু ডেডিকেটেড হাসপাতাল সম্পর্কে মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহবান জানান। তিনি বলেন যে, থানাসমূহে সংরক্ষিত পরিত্যক্ত গাড়িসমূহ এডিস মশার অন্যতম প্রজননস্থল। এগুলো নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয় কি-না সে বিষয়ে নিজ নিজ অধিক্ষেত্রের থানাসমূহ হতে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের মাধ্যমে প্রতিবেদন সংগ্রহের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সিটি কর্পোরেশনসমূহকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি আরও বলেন যে, বিভিন্ন স্থানে জমে থাকা পানিতে মশা বংশ বিস্তার করে থাকে। সিটি কর্পোরেশনসমূহের বিভিন্ন রাস্তায় তৈরি হওয়া গর্তে পানি জমে তা মশার প্রজননে সহায়তা করে থাকে। জরুরিভিত্তিতে এ সকল গর্ত ভরাটের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

৭। সভার প্রধান অতিথি জনাব এ. এফ. হাসান আরিফ, মাননীয় উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বক্তব্যের শুরুতে ২০২৪ সালের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহীদ সকলের আত্মার শান্তি কামনা করেন এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়াও, ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য ব্যাপক প্রচারণা চালাতে হবে। এ কাজে দেশের সকল মসজিদের ইমামগণ এবং স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পাশাপাশি মাদ্রাসার শিক্ষার্থীদেরকেও সম্পৃক্ত করতে হবে। তিনি আরও বলেন যে, নির্মাণাধীন ভবনে যাতে মশার প্রজনন ঘটতে না পারে সে জন্য ঠিকাদারগণকে কঠোরভাবে নির্দেশনা প্রদানের জন্য Real Estate & Housing Association of Bangladesh (REHAB) এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে অনুরোধ করা প্রয়োজন। সিটি কর্পোরেশন এলাকার মার্কেটগুলোর বর্জ্য পরিষ্কার এবং মার্কেটের চারপাশে যাতে পানি জমতে না পারে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মার্কেট কমিটিসমূহকে নির্দেশনা দিতে হবে। থানাগুলো নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং মামলার আলামত হিসেবে থানার আঙ্গিনায় সংরক্ষিত পরিত্যক্ত গাড়িসমূহ অপসারণের লক্ষ্যে চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণের জন্য সকল থানাকে নির্দেশনা দিতে হবে।

৮। সার্বিক আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য দেশের সকল মসজিদে ইমামগণের মাধ্যমে প্রচারণা চালানোর জন্য সুনির্দিষ্ট বার্তা প্রস্তুতপূর্বক তা প্রচারের জন্য ইমামগণকে নির্দেশনা প্রদান করতে হবে। | ১। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>২। ইসলামিক ফাউন্ডেশন |
| ২ | ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা-এ অন্তর্ভুক্ত জাতীয় কমিটিসহ অন্যান্য সিটি কর্পোরেশন, জেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ের কমিটিতে কমপক্ষে ২ জন ছাত্র প্রতিনিধি কো-অপ্ট করতে হবে। | ১। স্থানীয় সরকার বিভাগ<br>২। সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান |
| ৩ | ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা তৈরির জন্য সকল বিশ্ববিদ্যালয় ও কলেজের বিএনসিসি, রেঞ্জার ও রোভার স্কাউটের সদস্যদেরকে প্রচার কাজে সম্পৃক্ত করার জন্য সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করতে হবে। | ১। স্থানীয় সরকার বিভাগ<br>২। সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান |
| ৪ | এডিস মশাবাহিত ডেঙ্গু রোগ প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচারণা চালানোর লক্ষ্যে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় এবং মাদ্রাসার শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করতে হবে। | ১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৩। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ৫ | নির্মাণাধীন ভবনে যাতে মশার প্রজনন ঘটতে না পারে সে জন্য ঠিকাদারগণকে কঠোরভাবে নির্দেশনা প্রদান করতে হবে। | ১। Real Estate & Housing Association of Bangladesh (REHAB)<br>২। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |

| | | |
|---|---|---|
| ৬ | সিটি কর্পোরেশন এলাকার মার্কেটগুলোর চারপাশ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য মার্কেট কমিটিসমূহকে কঠোরভাবে নির্দেশনা প্রদান করতে হবে। সিটি কর্পোরেশন মার্কেট কমিটির সাথে বসে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে। | ১। সিটি কর্পোরেশন (সকল) |
| ৭ | থানার আঙ্গিনা নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। এ ক্ষেত্রে প্রয়োজনে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন সহযোগিতা প্রদান করবে। নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয় কি-না সে বিষয়ে নিজ নিজ অধিক্ষেত্রের থানাসমূহ হতে সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের মাধ্যমে প্রতিবেদন সংগ্রহ করতে হবে। | ১। জননিরাপত্তা বিভাগ<br>২। সিটি কর্পোরেশন (সকল) |
| ৮ | মামলার আলামত হিসেবে থানার আঙ্গিনায় সংরক্ষিত পরিত্যক্ত গাড়িসমূহ অপসারণের লক্ষ্যে চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণের জন্য সকল থানাকে নির্দেশনা দিতে হবে। | ১। জননিরাপত্তা বিভাগ |
| ৯ | সিটি কর্পোরেশনসমূহের বিভিন্ন রাস্তায় তৈরি হওয়া গর্তগুলো জরুরিভিত্তিতে ভরাটের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল) |
| ১০ | ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত উদ্যোগগুলো গণমাধ্যমে প্রচার করতে হবে। | ১। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br>২। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |

৯। আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)
২৫.০৮.২০২৪ খ্রি.
আবু হেনা মোরশেদ জামান
সচিব
স্থানীয় সরকার বিভাগ

নম্বর-৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৪-১৬৬/১(১৯)

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১ / ২৭ আগস্ট ২০২৪

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা-১২০৭
০৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, -----------------------------সিটি কর্পোরেশন (সকল)
১০. President, Real Estate & Housing Association of Bangladesh (REHAB), National Plaza, Sonargaon Road, Dhaka – 1205.
১১. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/২/৩ ও প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১৪. জেলা প্রশাসক (সকল)
১৫. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা
১৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. প্রশাসক, জেলা পরিষদ/ উপজেলা পরিষদ/ পৌরসভা (সকল)
১৮. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)
১৯. অফিস কপি

২৭.০৮.২০২৪

দীপ্তিময়ী জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ইমেইল: urbandev2@lgd.gov.bd